

ইবি শিক্ষার্থীর রহস্যজনক মৃত্যু, তদন্তের দাবিতে বিক্ষোভ

ইসলামী বিশ্ববিদ্যালয় প্রতিনিধি



ইসলামী বিশ্ববিদ্যালয়ের (ইবি) শিক্ষার্থী সাজিদ আব্দুল্লাহর
রহস্যজনক মৃত্যুর ঘটনা সুষ্ঠু তদন্ত ও বিচারের দাবিতে মধ্যরাতে
বিক্ষোভ করেছেন বিশ্ববিদ্যালয়ের তিনটি ছাত্রী হলের আবাসিক
শিক্ষার্থীরা।

শুক্রবার (১৮ জুলাই) রাত পৌনে ১১টার দিকে বিশ্ববিদ্যালয়ের
খালেদা জিয়া হল, উম্মুল মুমিনীন আয়েশা সিদ্দিকা (রা.) হল ও
জুলাই ৩৬ হলের আবাসিক শিক্ষার্থীরা বিক্ষোভ করেন।

পড়ুন



বাংলাদেশের ব্যাংকিং খাতকে উচ্চ ঝুঁকিপূর্ণ হিসেবে
চিহ্নিত

উচ্চ ঝুঁকিতে ব্যাংকিং খাত

বিক্ষোভে শিক্ষার্থীরা 'তুমি কে আমি কে, সাজিদ সাজিদ', 'পুকুরে
লাশ কেন, প্রশাসন জবাব চাই', 'ক্যাম্পাস কেন অরক্ষিত, প্রশাসন

জবাব দে', 'পুরুরেতে ভাসছে লাশ, প্রশাসনের নেই লাজ', 'আর কতো ঝরলে লাশ, প্রশাসনের ভাঙবে লাজ', 'প্রশাসনের টালবাহানা, বন্ধ করো করতে হবে', 'সিসি টিভি নেই কেন, প্রশাসন জবাব চাই', 'নিরাপত্তা নিশ্চিত করো, শিক্ষার্থীদের রক্ষা করো', 'সাজিদের মৃত্যুর তদন্ত, দ্রুত করো করতে হবে', 'শতভাগ আবাসন, নিশ্চিত করো করতে হবে' ও 'শিক্ষার্থীদের আবাসন, নিশ্চিত করবে প্রশাসন' ইত্যাদি স্লোগান দেন।

ছাত্রীরা বলেন, বিশ্ববিদ্যালয়ের পুরুর থেকে আমাদের ভাইয়ের মরদেহ পাওয়া গেছে।

সেখানে আমরা তার নাকে রক্ত দেখতে পেয়েছি। মরদেহ উদ্বারের ৪০ মিনিট পরেও অ্যাম্বুলেন্স আসেনি। এই ঘটনায় আমরা এখন পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের প্রশাসনের দৃশ্যমান কোনো পদক্ষেপ দেখতে পাইনি। আমরা অতিদ্রুত এই ঘটনার সুষ্ঠু তদন্ত এবং বিচার দেখতে চাই।

যদি এটা নিয়ে প্রশাসন টালবাহানা করে, তাহলে আমরা এক এক করে সব দণ্ডে তালা লাগিয়ে দেব।

তারা আরো বলেন, আজ একজন ভাইয়ের মরদেহ পাওয়া গেছে, আগামীকাল আমার কিংবা অন্য কারো যে মরদেহ পাওয়া যাবে না তার নিশ্চয়তা কোথায়? আমরা এতদূর থেকে পড়াশোনা করতে আসছি, আমাদের কি কোনো নিরাপত্তা নেই?



ওয়াল স্ট্রিট জার্নাল ও রুপার্ট মারডকের বিরুদ্ধে ট্রাম্পের
মামলা

তারা আরো বলেন, মাঝে মাঝেই আমাদের মেয়েদের হয়রানির
শিকার হতে হয়। বহিরাগত এমনকি বাসচালকরা পর্যন্ত আমাদের
হয়রানি করে। এ ব্যাপার প্রশাসনের কোনো অক্ষেপ আমরা
দেখতে পাই না।

বিশ্বিদ্যালয়ের গুরুত্বপূর্ণ জায়গাগুলোতে লাইট সংকট, সিসি
ক্যামেরা নেই, সামান্য একটু আকাশ খারাপ করলেই হলে বিদ্যৃৎ
চলে যায়। আমরা অতিন্দ্রিত সকল সমস্যার সমাধান চাই।

এর আগে রাত ৯টার দিকে বিশ্বিদ্যালয়ের জিয়া মোড় এলাকা
থেকে ইবি শিক্ষার্থীর রহস্যজনক মৃত্যুর সুষ্ঠু তদন্ত ও বিচারের
দাবিতে টর্চ লাইট মিছিল করে শাখা ছাত্রশিবির। মিছিল নিয়ে
ক্যাম্পাসের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে প্রধান ফটকের সামনে
গিয়ে সংক্ষিপ্ত সমাবেশ করে সংগঠনটি।